গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০১.২০.৪৪ তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ / ১৫ অক্টোবর ২০২০

**বিষয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের ১ম প্রান্তিক-এর 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণ**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি<br>সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৩ অক্টোবর ২০২০, বিকাল ৩:৩০ টা । |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২. উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সরকার সোনার বাংলা গড়ার একটি মহৎ প্রত্যয় নিয়েই জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা যায়। এর ফলে সার্বিক নাগরিক সেবা নিশ্চিত করা যাবে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকল প্রতিষ্ঠানের প্রতি আবেদন জানান। তিনি এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

৩. অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রত্যেক কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন।

৪. আলোচ্য বিষয় (১): গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ:

৪.১ গত ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২০-২১ কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণ সকলকে অবহিত করা হলে কারও কোন আপত্তি/সংশোধন না থাকায় তা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. আলোচ্য বিষয় (২): মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

৫.১ এ প্রসঙ্গে সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা কর্মসূচী যেমন নৈতিকতা কমিটির সভা, বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বৃক্ষরোপন কর্মসূচী ও চারা গাছ রোপন, জাতীয় শোক দিবস উদযাপন ও রক্তদান কর্মসূচী, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, শাখা পরিদর্শন ,শুদ্ধাচার চর্চা ও যথাসময়ে ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল শীর্ষক প্রশিক্ষণ, যথাসময়ে ক্রয় পরিকল্পনা অনুমোদন ইত্যাদি বিষয়ে কার্যক্রম যথাযথভাবে ১ম প্রান্তিকে বাস্তবায়িত হয়েছে। ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২০-২১ এর কর্ম-পরিকল্পনার সংশোধনী প্রেরণের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত বৃদ্ধি করায় মন্ত্রণালয়ের উত্তম চর্চার তালিকায় আগামী প্রান্তিকে শুদ্ধাচার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন শীর্ষক সেমিনার রাখা যেতে পারে। এছাড়াও কর্মপরিকল্পনার ৮.২ ও ৮.৩ কার্যক্রম আংশিক পরিবর্তন প্রস্তাব করেন। সভায় সেনাবাহিনীর ফোকাল পয়েন্ট তার অফিসে প্রয়োগকৃত শুদ্ধাচারের কৌশল তুলে ধরেন। তাছাড়া, এমআইএসটি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অফিস, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের প্রতিনিধিগন উদ্ভাবিত নতুন আইডিয়া সকলকে অবহিত করেন। সভাপতি তাঁদের সৃষ্টিশীল ধারণার জন্য সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখা ও সকল প্রতিষ্ঠানকে শুদ্ধাচারের আলোকে পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, প্রথমে আমাদের নিজ নিজ অবস্থান থেকে সততা ও নৈতিকতার সাথে নিজের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। বিস্তারিত আলোচনা শেষে ১ম কোয়ার্টারের বাস্তাবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে একমত পোষন করা হয়।

৫.২ ২০১৯-২০ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার প্রাপ্তদের হাতে ক্রেস্ট, সনদ তুলে দেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব, ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি। পুরস্কারপ্রাপ্তরা হলেন মেজর জেনারেল মোঃ ফসিউর রহমান, এসএসপি, এনডিসি, পিএইচডি, মহাপরিচালক, ডিজিএমএস, জনাব মোঃ সফিকুল আহম্মদ, অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং বেগম আরফাতুন্নেছা, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৬. বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা আংশিক সংশোধনক্রমে অনুমোদন করা যেতে পারে;

খ. মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে;

গ. যে সকল দপ্তর/সংস্থা ২০২০-২১ এর কর্মপরিকল্পনা এখনও প্রেরণ করে নাই অথবা কোন সংশোধনী থাকলে তা আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং

ঘ. সকল দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নকৃত অগ্রগতি প্রতিবেদন প্রান্তিক শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৭. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৫/১০/২০২০
(ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি)
সচিব
এবং
সভাপতি
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০১.২০.৪৪ তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ / ১৫ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আঃ নাহিদ সুলতানা, সিনিয়র সহকারী সচিব)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৬) **মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।**
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

অনুলিপি:

১। সিস্টেম এনালিষ্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয় (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ১ম প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সচিব-এর একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৫।১০।২০২০
(মোঃ খায়রুল আলম)
যুগ্মসচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৫৮১৫২৬৩০